ঘরে বসে ডিপিএড অনুশীলন

জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি, ময়মনসিংহ

পেশাগত শিক্ষাঃ ১ম খন্ড

অধ্যায়- ১ঃ শিক্ষার ধারণা ও শিক্ষক যোগ্যতা

পাঠ-১ঃ শিক্ষার ধারণা

উপস্থাপনায়-
নুসরাত শবনম
ইন্সট্রাক্টর (সাধারণ)
পিটিআই জয়দেবপুর, গাজীপুর

এই পাঠ শেষে শিক্ষার্থীরা শিক্ষার ধারণা ব্যাখ্যা করতে পারবেন।

শিক্ষা কী?

একটু চিন্তা করি

- শিক্ষা মানুষের জীবন ও সমাজ সম্পৃক্ত একটি প্রক্রিয়া।

- শিক্ষা হলো জ্ঞান, দক্ষতা, দৃষ্টিভঙ্গিও পরিবর্তনের মাধ্যমে প্রকাশিত আচরণের সেই পরিবর্তন যা ব্যক্তি ও সমাজের কাছে গ্রহণযোগ্য, কল্যাণকর এবং অপেক্ষাকৃত স্থায়ী।

- শিক্ষা নামক একটি প্রক্রিয়ার মধ্য দিয়েই মানব শিশু ক্রমান্বয়ে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে ওঠে।

- তবে শিক্ষা চিন্তাবিদগণের দর্শন, অনুসন্ধান পদ্ধতি ও কৌশল এবং সিদ্ধান্ত গঠনে ভিন্নতার কারণে শিক্ষার ধারণা হয়ে উঠেছে বহুমাত্রিক।

শিক্ষার বুৎপত্তিগত অর্থঃ

- ‘শিক্ষা’ শব্দটি এসেছে সংস্কৃত ‘শাস’ ধাতু হতে। ‘শাস’ ধাতুর অর্থ হচ্ছে শাসন করা, নিয়ন্ত্রণ করা, নির্দেশ দান করা, উপদেশ দান করা ইত্যাদি। শাব্দিক অর্থে ’শাস’ কথাটিতে একটি আরোপিত ব্যবস্থার ইঙ্গিত রয়েছে।

- ভাবগত অর্থ বিবেচনায় বলা যায়, ব্যক্তির নিজের, সমাজ বা রাষ্ট্রীয় কল্যানের জন্য ব্যক্তির আচরণ কেমন হবে তা শিক্ষার মাধ্যমে দিক নির্দেশনা দেওয়া যেতে পারে।

শিক্ষা শব্দটির ইংরেজী প্রতিশব্দ Education শব্দটি এসেছে ল্যাটিন শব্দ হতে। ল্যাটিন ভাষায় Education সংক্রান্ত বিষয়ে তিনটি মৌলিক শব্দের সন্ধান পাওয়া যায়-

১. Educare: Educare শব্দের অর্থ to rear up বা লালন পালন করা, to bring up বা প্রতিপালন করা এবং to nourish বা পরিচর্যা করা ইত্যাদি।

২. **Educere: Educere** শব্দের অর্থ, **to lead out, to draw out** অর্থাৎ বের করে নিয়ে আসা বা ভিতরের জিনিসকে বাইরে নিয়ে আসা। **Educere** শব্দটি শিক্ষার মাধ্যমে মানব শিশুর বিকাশ ও সম্ভাবনার রূপায়ণের ওপরই অধিক গুরুত্ব দিয়েছে।

৩. Educatum: Educatum শব্দের অর্থ হচ্ছে শিক্ষণ কার্য (Teaching) বা প্রশিক্ষণ (Training) সংক্রান্ত।

- দেখা যাচ্ছে, এই ৩টি শব্দ বিবেচনায় **Educere** শব্দটি বিশেষ তাৎপর্যপূর্ণ।

*** শিক্ষার ব্যুৎপত্তি হিসেবে **Educere** শব্দটিকে গ্রহণ করে বলা যায়, "যা অন্তর্নিহিত গুণাবলী বা সুপ্ত সম্ভাবনার বিকাশ ঘটায় তাই শিক্ষা" (মালেক ও অন্যান্য, ২০১৭)।

শিক্ষার অর্থ বিবেচনায় শিক্ষাকে ২টি দৃষ্টিকোন থেকে বিবেচনা করা যায়-

১. সংকীর্ণ বা বিশেষ অর্থে শিক্ষা

২. ব্যাপক অর্থে শিক্ষা

সংকীর্ণ অর্থে শিক্ষাঃ

সংকীর্ণ অর্থে শিক্ষা হলো শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত শিক্ষা।

সংকীর্ণ অর্থে শিক্ষার বৈশিষ্ট্যঃ

(ক) শিক্ষা প্রতিষ্ঠানে অর্জিত জ্ঞান বা কৌশলই শিক্ষা। অর্থাৎ শিক্ষা সংগঠিত প্রতিষ্ঠান কেন্দ্রিক।

(খ) শিক্ষক-শিক্ষার্থীর সম্পর্ক দাতা গ্রহীতার সম্পর্ক।

(গ) শিক্ষা একটি কাঠামোভিত্তিক প্রক্রিয়া।

(ঘ) শিক্ষার লক্ষ্য সুনির্দিষ্ট উদ্দেশ্যভিত্তিক।

ব্যাপক অর্থে শিক্ষাঃ

শিক্ষা হচ্ছে একটি জীবনব্যাপী প্রক্রিয়া, জীবনের সব রকম অভিজ্ঞতাই এই শিক্ষাদানের ব্যাপারে সহায়তা করে। (Mackenzie)

*** বর্তমান ধারণা অনুযায়ী শিক্ষকের কাজ হলো শিশুকে যথোপযুক্ত জীবন বিকাশে নির্দেশনা দিতে সাহায্য করা।

শিক্ষার আধুনিক ধারনা

ব্যাপক অর্থে শিক্ষা বৈশিষ্ট্য-

১। শিক্ষা হল জীবনব্যপী প্রক্রিয়া।
২। শিক্ষা হল অভিজ্ঞতার পুনর্গঠন ও পুনঃসৃজন।
৩। শিক্ষা হল একটি মানবীয় প্রচেষ্টা।
৪। শিক্ষায় চূড়ান্ত লক্ষ্য হচ্ছে মানব জীবনের বিকাশ সাধন।
৫। শিক্ষা একটি সামাজিক প্রক্রিয়া।
৬। শিক্ষা মানুষকে সঙ্গতি বিধানে সহায়তা করে।
৭। শিক্ষা সমাজের রীতি, নীতি, মূল্যবোধকে সংরক্ষণ করে; একইভাবে শিক্ষা এগুলো পরিবর্তন আনয়ন করে।
৮। শিক্ষা একটি লক্ষ্যমুখী প্রক্রিয়া।

শিক্ষার ব্যাপক অর্থ	শিক্ষার বিশেষ অর্থ
❑ শিশুর দৈহিক, মানসিক, প্রক্ষোভিত, সামাজিক, আধ্যাত্মিক এবং নৈতিক জীবনের সামঞ্জস্যপূর্ণ বিকাশ সাধন করা হল শিক্ষা। ❑ শিক্ষা মানুষের জীবনব্যাপী প্রক্রিয়া। ❑ জ্ঞান ও দক্ষতা আনুভূমিক ও উলম্ব অর্থাৎ বিভিন্ন ধারায় বিকশিত হয়। ❑ কোন ব্যক্তি নিরক্ষর হয়েও শিক্ষিত হতে পারেন । ❑ শিক্ষা শিক্ষার্থীর সক্রিয় ভূমিকা এবং চাহিদাভিত্তিক অভিজ্ঞতা। ❑ শিক্ষা অনানুষ্ঠানিকভাবে বেশির ভাগ অর্জিত হয়; পরিবার ও সামাজিক মূল্যবোধ, ইতিহাস, ঐতিহ্য ও কৃষ্টি ইত্যাদি এ শিক্ষার উপাদান। ❑ শিক্ষাক্রমের নির্দিষ্ট কোন পরিমণ্ডল নেই।	❑ পুস্তককেন্দ্রিক জ্ঞান আহরণের মাধ্যমে মানসিক ক্ষমতার উৎকর্ষ সাধনই শিক্ষা। ❑ বিদ্যালয় জীবনের মধ্যেই শিক্ষা সীমাবদ্ধ। ❑ জ্ঞান ও দক্ষতা উলম্ব ধারায় বিকশিত হয়। ❑ সাক্ষরতাই শিক্ষার মাপকাঠি। যিনি নিরক্ষর, তাকে অশিক্ষিত বলা হয় ❑ নির্ধারিত লক্ষ্য ও উদ্দেশ্য কেন্দ্রিক শিক্ষা। ❑ শুধু প্রাতিষ্ঠানিকভাবে অর্জিত হয় বলে এটাকে আনুষ্ঠানিক শিক্ষা বলা চলে। ❑ শিক্ষাক্রম সুনির্দিষ্ট।

তুলনামূলক বৈশিষ্ট্য

শিক্ষার স্বরূপ সম্পর্কে মনীষীদের বক্তব্য-

১. সক্রেটিস এর মতে- "শিক্ষা হল মিথ্যার অপনোদন ও সত্যের আবিষ্কার।"

২. জ্যঁ জ্যাক রুশো এর মতে- "Education is child"s development from within." অর্থাৎ শিক্ষা হচ্ছে শিশুর স্বতঃস্ফূর্ত আত্মবিকাশ।

৩. জন ডিউই এর মতে- "Education is the process of living through continuous reconstruction of experiences." অর্থাৎ ক্রমাগত অভিজ্ঞতার পুনর্গঠনের মাধ্যমে জীবনযাপনই হচ্ছে শিক্ষা।

বিভিন্নজন বিভিন্নভাবে শিক্ষাকে ব্যাখ্যা করার চেষ্টা করেছেন। কিন্তু শিক্ষার পরিসর অনেক বিস্তৃত হবার ফলে শিক্ষা সম্পর্কিত ধারণার জন্য সীমিত কয়েকজনের ধারণা বা ব্যাখ্যাকেই সর্বজনীন ভাবার অবকাশ নেই, বরং সময় ও পরিবর্তিত পরিস্থিতিতে শিক্ষার ধারণা পরবর্তনশীল।

সার্বিকভাবে বলা যায়, শিক্ষা হল একটি সমন্বিত প্রক্রিয়া যেখানে সাধারনত (সকল ক্ষেত্রে নয়) শিক্ষক যুক্ত থাকেন এবং যার উদ্দেশ্য হল শিক্ষার্থীর শিখন নিশ্চিত করা। (Nola & Irzik, 2005)

বি:দ্র: উপরোক্ত সংজ্ঞাটি শিক্ষাকে পূর্ণাঙ্গভাবে প্রকাশ করে না তবে এ বইয়ে আমরা এ সংজ্ঞাটি ব্যবহার করা হয়েছে।

ধন্যবাদ

অধিবেশনের তথ্যপত্র, পিডিএফ, পাওয়ার পয়েন্ট ও ভিডিও পেতে নিচের লিংকে ক্লিক করুন।

https://drive.google.com/drive/folders/1-UIRAoRu6QxRprh3dpXRwweaCh71zHM5?usp=sharing

আপনার মূল্যবান মতামত প্রদান করতে এবং নিজেকে যাচাই করতে নিচের লিংকে ক্লিক করুন।

https://forms.gle/DEzDonPg9NVUKRSX6